গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.৮২৯

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০
০৫ জুলাই ২০২৩

বিষয়: **বিভিন্ন খাতে বিতরণের জন্য রেল, সড়ক ও নৌপথে মোট ১১৪৫০ মে.টন আমন'২২-২৩ সিদ্ধ চাল ও আমদানিকৃত সিদ্ধ চালের চলাচলসূচি (সূচি নং-১৫৪)**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ২৯-০৬-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৪৬৭২ নং স্মারক এবং ০৩-০৭-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.৪৬৯৭ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট ০৪-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.২৫০.৫০.০০৩.২০.৮৫৯ নং স্মারক
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর ১৯-০৬-২০২৩ খ্রি. এর ১৩.০১.৩৩০০.০০৩.৪৬.১৪৮.২০.১৪৯৩ নং স্মারক
৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভাংগা, ফরিদপুর ১৯-০৬-২০২৩ খ্রি. এর ১৩.০১.২৯১০.০০৬.৫২.০০৩.২৩.২৮১ নং স্মারক
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর ০৪-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.২৭০০.০০৫.৫০.০০১.২২.২৬৪৬ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহে ইপি/ওপি, ওএমএস ও ভিডব্লিউবিসহ চলমান অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য সূত্রস্থ ১ নং হতে ৪ নং স্মারকসমূহে চালের চাহিদা প্রেরণ করা হয়েছে। সূত্রস্থ ৫ নং স্মারকে দিনাজপুর জেলায় বোরো সংগ্রহের কার্যক্রমকে বেগবান রাখতে জরুরিভিত্তিতে গত মৌসুমের সংগৃহীত আমন'২২-২৩ সিদ্ধচাল স্থানান্তর জন্য অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা, সিলেট ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহের বর্তমান মজুত, খালি জায়গা, সাশ্রয়ী রুট বিবেচনায় রেল, সড়ক ও নৌপথে মোট ১১৪৫০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চাল ও আমদানিকৃত সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

**(ক) রেল পথে আমন'২২-২৩ সিদ্ধ চালের চলাচলসূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | ঠিকাদারি প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | দিনাজপুর সিএসডি | ঢাকা | তেজগাঁও সিএসডি | ১০৫০ | আমন'২২-২৩ সিদ্ধ চাল | রেল পথ | মেসার্স রিমি এন্টারপ্রাইজ |
| | | | | মোট= | ১০৫০ | | | |

**(খ) সড়ক পথে আমন'২০২২-২৩ সিদ্ধ ও আমদানিকৃত সিদ্ধ চালের চলাচলসূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | বিরল এলএসডি | গাজীপুর | জয়দেবপুর এলএসডি | ৬০০ | আমন'২২-২৩ সিদ্ধ চাল | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২. | ঐ | চরকাই এলএসডি | ফরিদপুর | ভাংগা এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ৩. | জয়পুরহাট | পাঁচবিবি এলএসডি | বরিশাল | বরিশাল এলএসডি | ১২০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | মুলাদী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | কালাই এলএসডি | ঐ | ঐ | ৩০০ | ঐ | ঐ | |
| ৬. | চট্টগ্রাম | হালিশহর সিএসডি | সিলেট | কোম্পানীগঞ্জ এলএসডি | ২০০ | আমদানিকৃত সিদ্ধচাল | ঐ | চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন |
| ৭. | ঐ | ঐ | ঐ | গোয়াইনঘাট এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | ঐ | শেওলা এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ৯. | ঐ | ঐ | ঐ | গোলাপগঞ্জ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | ঐ | বালাগঞ্জ এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | ঐ | ঐ | খাদিমনগর এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ১২. | ঐ | ঐ | ঐ | সিলেট এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | দেওয়ানহাট সিএসডি | ঐ | ঐ | ৭০০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | ঐ | ঐ | বিশ্বনাথ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১৫. | ঐ | ঐ | ঐ | তাজপুর এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১৬. | ঐ | ঐ | ঐ | ফেঞ্চুগঞ্জ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৫৬০০ | | | |

## (গ) রাজশাহী বিভাগ হতে বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগে নৌপথে চালের চলাচলসূচি

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | রুট | মাধ্যম | রুট | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বগুড়া | শেরপুর এলএসডি | সড়ক পথ | বাঘাবাড়ী ঘাট | নৌপথ | বরগুনা | পাথরঘাটা এলএসডি | ৩০০ | আমন'২২-২৩ সিদ্ধচাল | চসসা বিভাগ নৌপথে উপসূচি জারি করবেন এবং আখানি, রাজশাহী ও জেখানি, সিরাজগঞ্জ সড়ক পথে বাঘাবাড়ী ঘাটে পরিবহণ করবেন |
| ২. | ঐ | তালোড়া এলএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ২০০ | ঐ | |
| ৩. | ঐ | সান্তাহার সিএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | | ১০০ | ঐ | |
| ৪. | ঐ | | ঐ | ঐ | ঐ | ঐ | বরগুনা এলএসডি | ৬০০ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | বামনা এলএসডি | ৬০০ | ঐ | |
| ৬. | ঐ | | ঐ | ঐ | ঐ | ভোলা | লালমোহন এলএসডি | ২০০ | ঐ | |
| ৭. | ঐ | সান্তাহার এলএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৪০০ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | মনপুরা এলএসডি | ১০০ | ঐ | |
| ৯. | সিরাজগঞ্জ | বাঘাবাড়ী এলএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ভোলা (হিঃ দৌলতখান) এলএসডি | ১০০ | ঐ | |
| ১১. | বগুড়া | সান্তাহার ওয়্যারহাউস | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৫০০ | ঐ | |
| ১২. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | পটুয়াখালী | রনগোপালদী এলএসডি | ৬০০ | ঐ | |
| ১৩. | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | দুমকী এলএসডি | ২০০ | ঐ | |
| ১৪. | জয়পুরহাট | জয়পুরহাট এলএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩০০ | ঐ | |
| ১৫. | ঐ | কালাই এলএসডি | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০ | ঐ | |
| | | | | | | | মোট = | ৪৮০০ | | |
| | | | | | | | সর্বমোট = | ১১৪৫০ | | |

<u>নির্দেশনাসমূহ:</u>

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং ও ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সুচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ

এবং খাদ্য অধিদপ্তরের ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ১২-০৭-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

৫-৭-২০২৩
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক


ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd


প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর/চট্টগ্রাম/রাজশাহী
২) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/জয়পুরহাট/বগুড়া/সিরাজগঞ্জ/চট্টগ্রাম
৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.৮২৯/১(১২)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০
০৫ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক (ভারপ্রাপ্ত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক ট্রাফিক (পরিবহন), পরিচালক ট্রাফিক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/সিলেট/বরিশাল
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .............................................
৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) ব্যবস্থাপক, ......................................... সিএসডি
১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ....................................... এলএসডি

৫-৭-২০২৩
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক